



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ  
ফোন-৯২৯১১১৩



স্মারক নং-বাউবি/এসএসএস/এমবিএ(বি)/জেনা ওরি./০৯/১৫০(০১)২০২১

তারিখ : ১৫/০৯/২০২১।

(একই স্মারকের ও তারিখের স্থলাভিষিক্ত)

অত্যন্ত জরুরী

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী  
বগুড়া/রংপুর/বরিশাল/যশোর/খুলনা/ফরিদপুর  
(উপ-আঞ্চলিক কেন্দ্রসহ)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : ওপেন স্কুল পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২য়, ৩য়, এবং ৪র্থ ব্যাচের সকল সিমেন্টারের টিউটোরিয়াল ক্লাস শুরু প্রসঙ্গে।


মহোদয়,

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওপেন স্কুল পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের সকল সিমেন্টারের রেজিস্ট্রেশন প্রক্রিয়া ৩০ আগস্ট ২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। কোভিড মহামারী ও আর্থ সামাজিক পরিস্থিতির কারণে এবারে বিশেষ বিবেচনায় ন্যূনতম ১০জন শিক্ষার্থী রয়েছে এমন স্টাডি সেন্টারগুলো বহাল থাকবে এবং যথারীতি টিউটোরিয়াল সার্ভিস প্রদান করা যাবে। বহালকৃত কেন্দ্রগুলোতে ২য়, ৩য়, এবং ৪র্থ ব্যাচের সকল সিমেন্টারের টিউটোরিয়াল ক্লাস আগামী ১৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে। টিউটোরিয়াল ক্লাস অন-লাইনে(On-Line) পরিচালিত হবে। প্রতি কোর্সে সর্বমোট ১৬টি ক্লাস অনুষ্ঠিত হবে এবং ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সকল ক্লাস সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, ১০জনের কম ভর্তিকৃত কেন্দ্রগুলোর একীভূতকরণের সিদ্ধান্ত পরবর্তীতে জানানো হবে।

বিষয়টি সংশ্লিষ্ট শিক্ষার্থী, টিউটর, সমন্বয়কারীসহ সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

  
(ড. আনিস রহমান)  
পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১। রেজিস্ট্রার, বাউবি।

২। ডিন, ওপেন স্কুল বাউবি।

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।

৪। সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি(বাউবির ওয়েব পেইজে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

৫। পরিচালক মিডিয়া বিভাগ, (বিষয়টি বাউবির ওয়েব টিভি ও অন্যান্য ভার্সুয়াল প্ল্যাটফর্মে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো) বাউবি।

৬। একান্ত সচিব, মাননীয় উপাচার্যের দপ্তর, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) বাউবি।

৭। সংরক্ষণ নথি।

